

১২ক। আইনের প্রাধান্য।— আপাততঃ বলবৎ অন্য কোন আইন, বিধি, প্রবিধান, চুক্তি বা আইনের ক্ষমতাসম্পন্ন অন্য কোন দলিলে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী প্রাধান্য পাইবে।

৩। মূল্য সংযোজন কর আরোপ।— (১) প্রথম তফসিলে উল্লিখিত পণ্যসমূহ ব্যতীত বাংলাদেশে আমদানিকৃত সকল পণ্য এবং উক্ত তফসিলে উল্লিখিত পণ্যসমূহ ব্যতীত সকল পণ্যের সরবরাহের উপর এবং দ্বিতীয় তফসিলে উল্লিখিত সেবাসমূহ ব্যতীত বাংলাদেশে আমদানিকৃত বা বাংলাদেশে প্রদত্ত সকল সেবার উপর ধারা ৫ এ বর্ণিত মূল্যের ভিত্তিতে পনের শতাংশ হারে মূল্য সংযোজন কর ধার্য ও প্রদেয় হইবে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত পণ্য বা সেবার উপর শূন্য হারে কর আরোপিত হইবে; যথা:

(ক) বাংলাদেশ হইতে রপ্তানিকৃত বা রপ্তানিকৃত বলিয়া গণ্য কোন পণ্য বা সেবা;  
 (কক) বিলুপ্ত

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, জুন ৬, ২০১৩

৪০৯৫

ও যন্ত্রাংশ ক্রেতার পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা সেবা প্রদানের স্থানে যথাযথভাবে স্থাপন করা হইয়াছে মর্মে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা প্রয়োজনীয় অনুসন্ধানের পর সন্তুষ্ট হইলে, বিভাগীয় কর্মকর্তা মুচলেকা বাতিলের নির্দেশ প্রদান করিবেন এবং ৬ (ছয়) মাসের মধ্যে মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ স্থাপন করা সম্ভব না হইলে কমিশনার এই সময়সীমা আরও ৩ (তিন) মাস বর্ধিত করিতে পারিবেন, অন্যথায় মুচলেকার শর্ত অনুযায়ী প্রদেয় মূসক আদায়যোগ্য হইবে।

৮। বিধি ২২ এর উপ-বিধি (১) এর দফা (গ) তে উল্লিখিত “মূসক-১১গ” এর পর “বা মূসক-১১গগ” শব্দ, চিহ্ন, সংখ্যা ও অক্ষরগুলি সন্নিবেশিত হইবে।

৯। বিধি ২৭ এর উপ-বিধি (১০) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (১১) সংযোজিত হইবে, যথাঃ-

“(১১) সেবা রপ্তানির ক্ষেত্রে -

- (ক) সেবা সরবরাহকারী এবং সেবা গ্রহণকারীর মধ্যে স্বাক্ষরিত চুক্তিপত্র থাকিতে হইবে;
- (খ) মূসক চালানপত্র প্রদান করিতে হইবে;
- (গ) বাংলাদেশে বৈদেশিক মুদ্রা প্রত্যাভাসিত হইতে হইবে; এবং
- (ঘ) বৈদেশিক মুদ্রা প্রাপ্তির দলিল দাখিলপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।”